

## এসএসসি পরীক্ষা শুরু

(স্টাফ রিপোর্টার)

গতকাল বৃহস্পতিবার দেশের ৪টি বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। ঢাকা বোর্ডের অধীনে বিদেশে ৭টি কেন্দ্রসহ মোট ৯১টি কেন্দ্রে ৫৮ হাজার দু'শ' ৫৫ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। সারা দেশেই পরীক্ষা শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা মহানগরীতে ৪টি অঞ্চলের অধীনে মোট ২৭টি উপকেন্দ্রে পরীক্ষা নেয়া হচ্ছে। এ কেন্দ্রগুলিতে মোট ১০ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছেন।

কুষ্টিয়া

ভেড়ামারা থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন যে বৃহস্পতিবার থেকে কুষ্টিয়া জেলায় মোট আটটি কেন্দ্রে ষশোর বোর্ডে ১১৭৮ সালের এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। প্রথম দিনের পরীক্ষা পূর্নকেন্দ্রেই শান্তিপূর্ণভাবে গৃহীত হয়েছে। কুষ্টিয়া জেলায় এসএসসি পরীক্ষার্থীর মোট সংখ্যা ৪০৪৯ জন। ৫৪ জন পরীক্ষার্থী পরীক্ষা দেননি।

চট্টগ্রাম

বাসস র খবর : বৃহস্পতিবার থেকে চট্টগ্রামে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। ৪৭টি উপকেন্দ্রে বিভিন্ন স্কুলের ১৮০৪ জন ছাত্র পরীক্ষা দিচ্ছে। সকল কেন্দ্রেই শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা কেন্দ্রের চারপাশে ১৪৪ ধারা জারী করা হয়েছে। কমিল্ডা বোর্ড মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৫২ হাজার।

চুম্বাডাঙ্গা

চুম্বাডাঙ্গা থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন : বৃহস্পতিবার চুম্বাডাঙ্গা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১২৯ জন ছাত্রসহ মোট ৫৮১ জন পরীক্ষার্থী এতে অংশ নিচ্ছেন।